দৈনিক সংবাদ

তারিখ... 08 JAN 1991
পৃষ্ঠা... 7 ... কলাম... 4

## শিক্ষা উপদেষ্টার সঙ্গে শিক্ষক নেতৃবৃন্দের সাক্ষাৎ

বাংলাদেশ শিক্ষক সমিতি (নূরুল্লাহ) ও বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি (আমিরী)-এর নেতৃবৃন্দ গতকাল সোমবার অস্থায়ী রাষ্ট্রপতির শিক্ষা উপদেষ্টা প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকীর সাথে পৃথক পৃথকভাবে তার দপ্তরে সাক্ষাৎ করেন।

শিক্ষক নেতৃবৃন্দ তাদের পেশাগত সমস্যাদি সম্পর্কে শিক্ষা উপদেষ্টাকে অবহিত করেন। তারা দেশে একটি গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠার লক্ষ্যে অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে সবরকমের সহযোগিতার আশ্বাস দেন।

সাক্ষাৎকালে অন্যদের মধ্যে বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোঃ নূরুল্লাহ, সহ-সভাপতি বোরহান উদ্দিন আহমেদ, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সিনিয়র সহ-সভাপতি জসীম উদ্দিন আহমেদ ও সাধারণ সম্পাদক ফজলুর রহমান উপস্থিত ছিলেন। খবর সংবাদ বিজ্ঞপ্তির।